মুজিবনগরে জাতীয়তাবাদী মহিলাদলের নির্বাচনী কর্মীসভা

মুজিবনগরে জাতীয়তাবাদী মহিলা দলের নির্বাচনী কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বেলা বারোটার দিকে মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের দারিয়াপুর পুরাতন ক্যাম্প পাড়ায় এই কর্মীসভা অনুষ্ঠিত হয়।

নির্বাচনী কর্মীসভায় মেহেরপুর জেলা জাতীয়তাবাদী মহিলা দলের সভাপতি সৈয়দা সাইয়েদাতুন নেছা নয়ন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর-১ আসন (মেহেরপুর সদর ও মুজিবনগর) এর বিএনপি এর মনোনীত ধানের শীষের প্রার্থী মাসুদ অরুন।

কর্মীসভায় প্রধান অতিথির বক্তব্যে মাসুদ অরুন বলেন, দীর্ঘদিন ধানের শীষ প্রতীকে ভোট দেয়ার সুযোগ আমাদের হয়নি। আপনাদের মনে প্রশ্ন জাগতে পারে আমরা কেন ধানের শীষে ভোট দিব আমাদের নেতা তারেক রহমান বলেছেন, বিএনপি রাষ্ট্রীয় ক্ষমতায় গেলে আমরা প্রত্যেক পরিবারে মা বোনদের হাতে ফ্যামিলি কার্ড তুলে দেওয়া হবে। কোনো মায়ের হাতে এই ফ্যামিলি কার্ড থাকলে আপনারা প্রতি মাসে ৩০ কেজি চাল ৩ কেজি ডাল ১০ কেজি তৈল ২ কেজি লবণ এবং নগত ২ হাজার ৫ শত টাকা যদি পান তাহলে এই কার্ড সার্থের কার্ড থাকবে না এই কার্ড হবে ঐ মায়ের ঐ পরিবারে সন্মান রক্ষার প্রতীক। আমরা বলেছি দুটি ভোট যদি কমেও হয় তবুও মায়েদের সম্মান রক্ষার্থে এই কার্ড পাবে মায়েরা।

এ সময় তিনি আগামী ১২ তারিখ ধানের শীষে ভোট দিয়ে বিএনপি কে নির্বাচিত করার আহ্বান জানান।

এ সময় উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির সহ স্থানীয় বিএনপি ও মহিলা দলের নেতাকর্মীবৃন্দ।

মুজিবনগরে ২৫ পিচ ইয়াবা সহ ৩ জন মাদক কারবারী আটক

মেহেরপুরের মুজিবনগরে ২৫ পিচ ইয়াবা সহ ৩ মাদক কারবারী আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

শনিবার দুপরে মুজিবনগর উপজেলার ঢোলমারী গ্রামের হরেনের বটতলা সংলগ্ন টুইস মন্ডলের লিচু বাগানের সামনে থেকে তাদের আটক করা হয়।

আটককৃত ব্যাক্তিরা হলেন, মুজিবনগর উপজেলার বাগোয়ান মোল্লাপাড়ার আব্দুল রব এর ছেলে ফরহাদ শেখ(২২), আনন্দ মিয়ার ছেলে আপন(২১) ও একই গ্রামের ফারুক শেখ এর ছেলে রাশেদ শেখ(৩৫)।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ জাহিদুল ইসলাম বলেন,আটককৃত ব্যাক্তিরা মাদক সেবন এবং বিক্রির উদ্যেশে হরেনের বটতলা নামক স্থানে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার এসআই তাওহীদ সহ পুলিশের একটি টিম সেখানে অভিযান চালায়। অভিযান চলাকালীন সময়ে তাদের টুইস মন্ডলের লিচু বাগানের তলে দেখতে পেলে তাদের আটক করে। পরে তাদের তল্লাশী করে ২৫ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

তাদের নামে মুজিবনগর থানায় মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দিয়ে আদালতে প্রেরন করা হবে বলে তিনি জানান।

মুজিবনগরে ইউনিয়ন বিএনপির কার্যালয়ের পাশ থেকে ককটেল সাদৃশ বস্তু উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন বিএনপির কার্যালয়ের মাত্র ৩৫ গজ পাশে থেকে লাল টেপে মোড়ানো ককটেল সাদৃশ একটি বস্তু উদ্ধার করেছে পুলিশ।

শনিবার সকালে উপজেলার দারিয়াপুর ইউনিয়নের কালিতলা মোড় এলাকা থেকে বস্তুটি উদ্ধার করা হয়।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, কালিতলা মোড় সংলগ্ন আকবার আলীর বাড়ির প্রাচিরের পাশে একটি সন্দেহভাজন বস্তু পড়ে দেখে স্থানীয়রা মুজিবনগর থানা পুলিশকে খবর দেয়। মুজিবনগর ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স এবং মুজিবনগর থানা পুলিশের টিম ঘটনাস্থলে গিয়ে বস্তুটি উদ্ধার করে নিষ্ক্রিয় করার জন্য থানায় নিয়ে যায়।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহিদুল ইসলাম জানান, ‘খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয় এবং বস্তুটি উদ্ধার করে। এটি আসলেই কোনো বিস্ফোরক কি না, তা পরীক্ষা করে দেখা হচ্ছে। এ বিষয়ে আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

কে বা কারা, কী উদ্দেশ্যে এটি সেখানে রেখেছে তা খতিয়ে দেখছে পুলিশ। তবে এ ঘটনায় এখন পর্যন্ত কাউকে আটক করা সম্ভব হয়নি। উদ্ধারকৃত বস্তুটি স্থানটি স্থানীয় বিএনপি কার্যালয় থেকে মাত্র ৩৫ গজ দূরে হওয়ায় এলাকায় চাঞ্চল্য ও আতঙ্কের সৃষ্টি হয়।

মুজিবনগরে ডিবি’র অভিযানে ১০ বোতল ভারতীয় মদসহ আটক ১

মেহেরপুরের মুজিবনগরে অভিযান চালিয়ে ১০ বোতল ভারতীয় মদসহ শফিকুল
(৩৩) নামের একজনকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

গতকাল বৃহস্পতিবার রাতের দিকে মুজিবনগর থানাধীন সোনাপুর এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক শফিকুল সোনাপুর মাঝেরপাড়া এলাকার বাসিন্দা এবং তিনি আইয়ুব আলীর ছেলে।

ডিবি সূত্রে জানা যায়, গোপন সূত্রে খবর পেয়ে ওই এলাকায় অভিযান পরিচালনা করে শফিকুলকে আটক করা হয়।

অভিযানের সময় শফিকুলের হেফাজত থেকে ১০ বোতল ভারতীয় মদ উদ্ধার করা হয়। যার বাজার মূল্য আনুমানিক ২০ হাজার টাকা। পরবর্তীতে আটক শফিকুল ও জব্দকৃত আলামতসহ তাকে মুজিবনগর থানায় হস্তান্তর করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তার বিরুদ্ধে একটি মামলা রুজু করা হয়।

এবিষয়ে মেহেরপুর ডিবি ওসি মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী জানান, মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে এবং মাদক কারবারিদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মুজিবনগরে মসজিদের দখলকৃত খাস জমির একমালিকানা হস্তক্ষেপ ঠেকাতে মানববন্ধন

মেহেরপুরের মুজিবনগরে ৬০ বছর ধরে মসজিদের কাজে ব্যাবহিত খাস জমির উপর একমালিকানা হস্তক্ষেপ ঠেকাতে মানববন্ধন করেছে গৌরীনগর দক্ষিনপাড়া জামে মসজিদ কমিটি ও মুসল্লীগণ।

আজ বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে মুজিবনগর উপজেলা পরিষদের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

এ সময় তার বলেন,মসজিদের সাথে একটি ডোবা খাস জমি ৬০ বছর ধরে মসজিদ কমিটি মসজিদের কাজে ব্যাবহার করে আসছে।
বর্তমানে গ্রামের আমিরুল ইসলামের ছেলে সামাদুল এবং আনারুল ইসলামের ছেলে সুমন নামের দুইজন মিটিকে জোর পূর্বক দখল করার চেষ্টা করছে।

মসজিদ কমিটির সভাপতি বলেন, মসজিদের সাথে একটি ডোবা খাস জমি ৬০ বছর ধরে মসজিদ কমিটি মসজিদের কাজর ব্যাবহার করে আসছে। তবে জমিটি বর্তমানে মসজিদের পশ্চিম পাশের সামাদুল ও সুমন নামের দুইজন জমিটিকে জোর পূর্বক দখল করার চেষ্টা করছে।

তাই জমিটির দখল ঠেকাতে এবং জমিটি মসজিদের নামে আইন অনুযায়ী লিজ দেয়ার জন্য আমরা উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করে আজকে

মানববন্ধন করছি। মানববন্ধনে মসজিদ কমিটির সদস্য এবং শত শত মুসুল্লী অংশ নেয়।

এ বিষয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন, মানববন্ধনের পরে উভয়পক্ষ আমার কাছে এসেছিলেন। উভয়পক্ষের আমিন ও সরকারি আমিন দিয়ে মেপে মিমাংসা করার বিষয়ে উভয়পক্ষ মত দিয়েছেন।

মুজিবনগরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন

মুজিবনগরে যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলা-২০২৬ এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চলের অতিরিক্ত পরিচালক আলমগীর বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপজেলা পরিষদ চত্বরে আয়োজিত তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন করেন। উদ্বোধন শেষে মেলা প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চলের অতিরিক্ত পরিচালক আলমগীর বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সঞ্জীব মৃধা, যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের প্রকল্প পরিচালক রবিউল ইসলাম, মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালকের কার্যালয়ের অতিরিক্ত উপপরিচালক (উদ্যান) জেসমিন ফেরদৌস।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় স্মার্ট কৃষির বিকল্প নেই। টেকসই কৃষি প্রযুক্তির

ব্যবহার কৃষকের উৎপাদন খরচ কমিয়ে আনবে এবং ফসলের গুণগত মান নিশ্চিত করবে। এই মেলা স্থানীয় কৃষকদের আধুনিক কৃষি যন্ত্রপাতির সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার একটি বড় প্ল্যাটফর্ম।

আয়োজকরা জানান, মেলায় বিভিন্ন স্টলে আধুনিক কৃষি প্রযুক্তি, উচ্চফলনশীল জাতের প্রদর্শনী এবং জৈব সার ব্যবহারের সুফল তুলে ধরা হচ্ছে। তিন দিনব্যাপী এই মেলা প্রতিদিন সকাল ৯টা থেকে সন্ধ্যা পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। মেলা উপলক্ষে প্রতিদিন বিকেলে কৃষকদের নিয়ে কারিগরি সেমিনারেরও আয়োজন করা হয়েছে। এই মেলায় মোট ১৬টি স্টলে উদ্ভাবনী কৃষকদের মাঝে বিশেষ সম্মাননা ও পুরস্কার বিতরণ করা হবে।

সিপিবি প্রার্থী অ্যাড. মিজানুর রহমানের মুজিবনগরে গণসংযোগ

মেহেরপুর-১ আসনে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) মনোনীত প্রার্থী অ্যাডভোকেট মোহা. মিজানুর রহমান গতকাল রবিবার বিকেলে মুজিবনগর উপজেলার মোনাখালী, বিশ্বনাথপুর ও শিবপুর এলাকায় গণসংযোগ করেন।

গণসংযোগকালে তিনি স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময় করেন, তাদের খোঁজখবর নেন এবং এলাকার বিভিন্ন সমস্যা ও জনদুর্ভোগের কথা শোনেন।

এসময় তিনি সিপিবির রাজনৈতিক দর্শন, নীতি ও কর্মসূচি সাধারণ মানুষের কাছে তুলে ধরেন এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে তাদের সমর্থন ও সহযোগিতা কামনা করেন।

গণসংযোগে স্থানীয় সিপিবি নেতাকর্মী ও সমর্থকরাও উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিনামূল্যে চোখের ছানি অপারেশনের রোগী বাছাই ক্যাম্প

মুজিবনগরে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় এবং অরভিস ইন্টারন্যাশনালের সহযোগিতায় ইউনিয়নের সমৃদ্ধি কর্মসূচির আওতায় ‘বিনামূল্যে চোখের ছানি অপারেশনের রোগী বাছাই ক্যাম্প’ অনুষ্ঠিত হয়েছে।

এ উপলক্ষে গতকাল শনিবার সকালে বাগোয়ান ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে একটি ফ্রি চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়।

ক্যাম্পে মেহেরপুরের আল-মক্কা চক্ষু হাসপাতালের একদল বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসক রোগী দেখেন। এতে এলাকাবাসীর মধ্যে ব্যাপক উৎসাহ, উদ্দীপনা ও আগ্রহ লক্ষ্য করা যায়। বিশেষজ্ঞ চিকিৎসকরা মোট ১৭৮ জন রোগী পরীক্ষা করেন, যার মধ্যে ১০০ জনেরও বেশি রোগীকে ছানি অপারেশনের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত করা হয়।

এই ক্যাম্পের মূল উদ্দেশ্য ছিল এলাকার দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মধ্যে যারা চোখের ছানি সমস্যায় ভুগছেন, তাদের শনাক্ত করে বিনামূল্যে উন্নত চিকিৎসার সুযোগ করে দেওয়া। চিকিৎসকদের পেশাদারিত্ব, আন্তরিকতা ও যত্নশীল আচরণ রোগীদের মধ্যে আস্থা ও স্বস্তি সৃষ্টি করে।

ক্যাম্পে উপস্থিত ছিলেন বাগোয়ান সমৃদ্ধি ইউনিয়নের ইউনিয়ন প্রবীণ সভাপতি বীর মুক্তিযোদ্ধা আফজাল হোসেন, স্বাস্থ্য কর্মকর্তা এবং সংশ্লিষ্ট স্বাস্থ্য পরিদর্শকগণ। তাঁদের উপস্থিতি ও সহযোগিতায় ক্যাম্পের কার্যক্রম সুশৃঙ্খল ও ফলপ্রসূভাবে পরিচালিত হয়।

এছাড়াও পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উপ-নির্বাহী পরিচালক কামরুজ্জামান ও পরিচালক কামরুল আলম ক্যাম্পে উপস্থিত থেকে সার্বিক কার্যক্রম তদারকি করেন এবং ভবিষ্যতেও এ ধরনের মানবিক উদ্যোগ অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন।

স্থানীয় মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে ক্যাম্পটি একটি সফল সামাজিক উদ্যোগে পরিণত হয়। এই আয়োজন প্রমাণ করে, সমাজসেবামূলক প্রতিষ্ঠান, স্বাস্থ্যখাত ও স্থানীয় প্রশাসনের সম্মিলিত প্রচেষ্টায় প্রত্যন্ত অঞ্চলের মানুষের জীবনমান উন্নয়ন সম্ভব। চোখের আলো ফিরিয়ে দেওয়ার এই উদ্যোগ নিঃসন্দেহে মানবিকতা ও সামাজিক দায়বদ্ধতার এক উজ্জ্বল দৃষ্টান্ত।

মুজিবনগরে উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

হৃদরোগ ও স্ট্রোকে মৃত্যুহার কমানো এবং বাংলাদেশ উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ কর্মসূচিকে আরও শক্তিশালী করার লক্ষ্যে মুজিবনগরে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কনফারেন্স রুমে এ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নন-কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি) প্রোগ্রাম ও ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন এর উদ্যোগে এ কর্মশালাটি অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালায় সভাপতিত্ব করেন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান স্যার।

তিনি তাঁর বক্তব্যে বলেন, উচ্চরক্তচাপ ও ডায়াবেটিস নিয়ন্ত্রণের মাধ্যমে হৃদরোগ ও স্ট্রোকজনিত মৃত্যুহার উল্লেখযোগ্যভাবে কমানো সম্ভব। এক্ষেত্রে প্রাথমিক স্বাস্থ্যসেবাকে আরও কার্যকর ও শক্তিশালী ভূমিকা পালন করতে হবে।

কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের বিভাগীয় প্রোগ্রাম অফিসার ডা: শৌভিক রায় এবং সার্ভিলেন্স মেডিকেল অফিসার ডা: আলী নূর হাসান। এছাড়াও উক্ত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন ফিল্ড অফিসার মোহাইমিনুল ইসলাম এবং

ফিল্ড অফিসার মাহফুজুল হকসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

কর্মশালায় উচ্চ রক্তচাপ ও ডায়াবেটিস নিয়ন্ত্রণে সরকারের এই কার্যক্রমকে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে স্থানীয় সরকার প্রতিনিধি, গণমাধ্যমকর্মী, মসজিদের ইমামসহ অন্যান্য ধর্মীয় নেতা ও স্কুল-কলেজের শিক্ষকদের ভূমিকার ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়।

এ প্রশিক্ষণে মুজিবনগর উপজেলার ১১ টি কমিউনিটি ক্লিনিকের সকল সিএইচসিপি এবং কমিউনিটি গ্রুপের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

মেহেরপুরে হারানো ৯২টি মোবাইল ও ৫৫ হাজার টাকা মালিকের হাতে তুলে দিল পুলিশ

মেহেরপুর পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের উদ্যোগে উদ্ধারকৃত হারানো মোবাইল ফোন ও অনলাইনে প্রতারণার মাধ্যমে আত্মসাৎকৃত নগদ অর্থ প্রকৃত মালিকদের কাছে হস্তান্তর করেছে পুলিশ।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে মেহেরপুর জেলা পুলিশ সুপারের কার্যালয়ে এ হস্তান্তর করা হয়। উদ্ধারকৃত ৯২টি মোবাইল ফোন ও নগদ অর্থ ভুক্তভোগীদের হাতে তুলে দেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় সাইবার সচেতনতার গুরুত্ব তুলে ধরে বলেন, তথ্য-প্রযুক্তির এই যুগে আমরা কেউই অ্যান্ড্রয়েড মোবাইল ফোন ও সাইবার স্পেসের বাইরে নই। তাই নিজের নিরাপত্তা নিশ্চিত করতে মোবাইল ফোন ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সবাইকে আরও সচেতন ও সতর্ক হতে হবে। তিনি পুরাতন মুঠোফোন কেনার ক্ষেত্রে অবশ্যই মোবাইলের বক্স ও ক্যাশ মেমো সংগ্রহের পরামর্শ দেন। পাশাপাশি অনলাইনে প্রতারণা এড়াতে বিকাশ, নগদ বা অন্যান্য